

আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড

ব্যবসায়িক চুক্তি পত্র (ইউনিট ম্যানেজার)

এই ব্যবসায়িক চুক্তি পত্রটি নিশ্চিত করে যে, আমি

কোড: নিম্ন উল্লেখিত সকল শর্তাবলী সুষ্ঠুরূপে পালন করতে সম্মত হয়ে স্বজ্ঞানে, অন্যের বিনা প্ররোচনায় ও সুস্থ মস্তিষ্কে আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর সহিত “ব্যবসায়িক চুক্তি পত্র (ইউনিট ম্যানেজার)” টি সম্পাদন করলাম।

- কাজের ধরনঃ বীমা আইন ২০১০ এর ধারা ২ এর উপধারা (৯) অনুযায়ী বীমা এজেন্ট নিয়োগকারী বা ইউনিট ম্যানেজারগণ, নিয়ন্ত্রন কর্তৃপক্ষের থেকে লাইসেন্স প্রাপ্ত হয়ে বীমা এজেন্ট বা ফিন্যান্সিয়াল এসোসিয়েট নিয়োগ এবং তাদের বীমা ব্যবসা আহরণ সংক্রান্ত কাজে সহায়তা করবেন।
- কাজের বিবরণঃ আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এ ইউনিট ম্যানেজার হিসাবে নিয়োগ প্রাপ্ত ব্যক্তির কাজের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:
 - নিয়োগ প্রাপ্ত ইউনিট ম্যানেজার কোম্পানীর পক্ষ হয়ে এফএ নিয়োগ এবং তাদের বীমা ব্যবসা আহরণ সংক্রান্ত কাজের তদারকি করবেন।
 - একটি দক্ষ কর্মী বাহিনী তৈরির লক্ষ্যে, সর্বদা প্রশিক্ষণ বা পেশা মূলক কর্মসূচী পালন করবেন।
 - বীমা এজেন্ট প্রবিধানমালা, ২০২১ এর ধারা ১২ তে বর্ণিত বীমা এজেন্ট বা ফিন্যান্সিয়াল এসোসিয়েটের আচরণবিধি যথাযোগ্য ভাবে পালিত হচ্ছে কিনা তা তদারকি করা।
 - ইউনিট ম্যানেজার তার অধীনস্থ সকল এফএ এর ব্যবসায়িক অগ্রগতি সংক্রান্ত একটি প্রতিবেদন তৈরি করবেন। উক্ত প্রতিবেদনটি ত্রৈমাসিকভিত্তিতে ব্রাঞ্চ ম্যানেজারের নিকট জমা দিতে হবে।
- ওভাররাইড কমিশন এবং বোনাস প্রদানঃ আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এ ইউনিট ম্যানেজার হিসাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির ওভাররাইড কমিশন এবং বোনাস প্রদানের শর্তাবলী নিম্নে উল্লেখ করা হলো:
 - আইডিআরএ এর সার্কুলার নং লাইফ-০৯/২০২১ অনুযায়ী ওভাররাইড কমিশন, অন্যান্য সকল বোনাস এবং আর্থিক সুবিধাসমূহ অনুমোদিত সেলস্ পলিসি এবং স্বাকলিপির ভিত্তিতে প্রদান করা হবে। কর্তৃপক্ষ যে কোন সময় সেলস্ পলিসি পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
 - যদি গ্রাহকের বীমা প্রস্তাবপত্রে ইউনিট ম্যানেজারের নাম এবং কোড উল্লেখ না থাকে তবে ঐ বীমা পলিসি হতে তিনি কোনরূপ আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না।
 - ইউনিট ম্যানেজারগণকে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য আইডিআরএ হতে সার্টিফিকেট গ্রহণ এবং মেয়াদান্তে নবায়ন করতে হবে। বীমা আইন ২০১০ এর ধারা-৫৮ অনুযায়ী আইডিআরএ সার্টিফিকেট সচল না থাকলে উক্ত ইউনিট ম্যানেজার কোন প্রকার ওভাররাইড কমিশন বা বোনাস পাবার যোগ্য হবেন না।
 - যদি কোন বীমা পলিসি ইস্যুর তারিখ হতে ১২ মাসের মধ্যে বাতিল করা হয় তবে উক্ত পলিসির বিপরীতে মোট প্রদানকৃত ওভাররাইড কমিশনের টাকা প্রদেয় ওভাররাইড কমিশন থেকে সমন্বয় করা হবে।
 - আইডিআরএ এর সার্টিফিকেট আবেদন/নবায়ন ফি এর সমপরিমাণ অর্থ এবং তা প্রাপ্তির ক্ষেত্রে কোনরূপ জরিমানার সম্মুখীন হলে সমুদয় অর্থ অর্জিত ওভাররাইড কমিশন থেকে সমন্বয় করা হবে।
 - এছাড়াও অন্যান্য খাতের প্রয়োজনীয় অর্থ কোম্পানী কর্তৃক সমন্বয় করার দরকার হলে তা ইউনিট ম্যানেজারের অর্জিত ওভাররাইড কমিশন থেকে সমন্বয় করা হবে।
- ইউনিট ম্যানেজারের আচরণবিধিঃ নিম্ন উল্লেখিত বিষয় সমূহ ইউনিট ম্যানেজারের আচরণবিধির অন্তর্ভুক্ত, যা সর্বাবস্থায় পালন করতে হবে:



Astha Life Insurance Company Limited
(Army Welfare Trust)

SKS Tower, Level 12, 7 VIP Road, Mohakhali, Dhaka-1206, Bangladesh
☎ 09639-999-666 ✉ info@asthalife.com.bd 🌐 www.asthalife.com.bd



- ৪.১ ইউনিট ম্যানেজার সর্বাবস্থায় বীমা গ্রাহক এবং তার অধীনে নিয়োজিত এফএগণের সাথে মার্জিত ব্যবহার করবেন।
- ৪.২ অফিস চলাকালীন সময় বা গ্রাহক ভিজিটের সময় সর্বদা মার্জিত পোষাক পরিধান সহ আইডি কার্ড ধারণ করা বাধ্যতামূলক।
- ৪.৩ গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে এবং গ্রাহকের ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা বজায় রাখতে হবে।
৫. **ইউনিট ম্যানেজারের আচরণবিধি লঙ্ঘনঃ** একজন ইউনিট ম্যানেজারের যে সকল কার্যাবলী আচরণবিধি লঙ্ঘন বলে বিবেচিত হবে তা নিম্নে উল্লেখ করা হলো:
- ৫.১ ইউনিট ম্যানেজার তার সমস্ত অফিসিয়াল কাজ-কর্ম কোম্পানীর নীতি, অফিস আদেশ সমূহ বা অন্য কোন নথিতে উল্লেখিত কোম্পানীর নির্দেশনাবলী অনুযায়ী সম্পন্ন করবেন এর কোন ব্যত্যয় ঘটাতে পারবেন না। উল্লেখ্য যে, শুধুমাত্র কোম্পানী এ ধরনের বিধি সমূহ পরিবর্তন বা পরিবর্ধন করতে পারবে।
- ৫.২ কোম্পানীর একজন প্রত্যক্ষ/পরোক্ষ কর্মকর্তা হিসাবে তার ব্যক্তিগত আচরন বা তার বহিঃপ্রকাশের মাধ্যমে কোম্পানীর ব্যবসা বা ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোন কাজ করা যাবে না।
- ৫.৩ কোন ইউনিট ম্যানেজার কোম্পানীর নীতিমালার পরিপন্থি বা কোম্পানীর ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোন কাজের সম্পৃক্ততা প্রমানিত হলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে এবং প্রয়োজন বোধে বীমা আইন এবং বাংলাদেশ দণ্ডবিধি অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬. **পদোন্নতিঃ** বার্ষিক সেলস্ পলিসিতে উল্লেখিত ধাপ সমূহ সম্পন্ন করার পর ইউনিট ম্যানেজার পদ হতে ব্রাঞ্চ ম্যানেজার পদে পদোন্নতি প্রদানের জন্য বিবেচনায় নেওয়া হবে।
৭. **চুক্তিপত্রের অবসায়নঃ** যে সকল কারণে চুক্তিপত্রের অবসায়ন হতে পারে তা নিম্নে উল্লেখ করা হলো:
- ৭.১ উভয় পক্ষের লিখিত সম্মতির ভিত্তিতে ; অথবা
- ৭.২ যদি ইউনিট ম্যানেজার অব্যাহতি চেয়ে লিখিত আবেদন করেন এবং আস্থা লাইফ কর্তৃক তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হয় ; অথবা
- ৭.৩ ইউনিট ম্যানেজার কর্তৃক উপরোল্লিখিত যে কোন একটি শর্ত ভঙ্গ হলে ; অথবা
- ৭.৪ ইউনিট ম্যানেজারের বয়স ৬৫ বছর পূর্ণ হলে ; অথবা
- ৭.৫ চুক্তি পত্রে উল্লেখ নেই কিন্তু আইডিআরএ এর বিধিমালা বা বাংলাদেশ দণ্ড বিধি অনুযায়ী অপরাধ বলে বিবেচিত হয় এমন কোন কাজের সাথে সম্পৃক্ততা প্রমাণিত হলে।
- উপধারা ৭.৩ এবং ৭.৫ অনুযায়ী চুক্তিপত্র বাতিল হলে উক্ত ইউনিট ম্যানেজারের সকল ধরনের ওভাররাইড কমিশন এবং বোনাস প্রদান অবিলম্বে বন্ধ করা হবে এবং কোম্পানী নীতিমালা অথবা বাংলাদেশ দণ্ডবিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্য কোন কারণে অবসায়ন হলে, কোম্পানীর প্রচলিত নিয়ম অনুযায়ী সকল পাওনা টাকা পরিশোধ করা হবে। ইউনিট ম্যানেজার এর বিরুদ্ধে কোন আর্থিক অনিয়ম বা দুর্নীতি প্রমানিত হলে, উক্ত টাকা তার পাওনা টাকা থেকে সমন্বয় করা হবে। আরও উল্লেখ্য থাকে যে, তার অধীনে কর্মরত যে কোন এফএ এর বিরুদ্ধে কোন আর্থিক অনিয়ম বা দুর্নীতি প্রমানিত হলে এবং উক্ত টাকা তার পাওনা টাকা থেকে পুরোপুরি সমন্বয় করা সম্ভব না হলে তা ইউনিট ম্যানেজারের পাওনা টাকা থেকে সমন্বয় করা হবে।

আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
তারিখঃ

ইউনিট ম্যানেজার
তারিখঃ



Astha Life Insurance Company Limited
(Army Welfare Trust)

SKS Tower, Level 12, 7 VIP Road, Mohakhali, Dhaka-1206, Bangladesh
☎ 09639-999-666 ✉ info@asthalife.com.bd 🌐 www.asthalife.com.bd



সুরক্ষিত জীবনের প্রতিশ্রুতি